

## 🗏 সাবা | Saba | سَبَأ

আয়াতঃ ৩৪: ৪০

## 💵 আরবি মূল আয়াত:

## 

আর স্মরণ কর, যেদিন তিনি তাদের সকলকে সমবেত করবেন তারপর ফেরেশতাদেরকে বলবেন, 'এরা কি তোমাদেরই পূজা করত?' — আল-বায়ান

যেদিন তিনি তাদের সববাইকে একত্রিত করবেন, অতঃপর ফেরেশতাদেরকে বলবে-ওরা কি একমাত্র তোমাদেরই পূজা করত? — তাইসিরুল

যেদিন তাদের একত্র করবেন এবং মালাইকা/ফেরেশতাদেরকে জিজ্ঞেস করবেনঃ এরা কি তোমাদেরই পূজা করত? — মুজিবুর রহমান

And [mention] the Day when He will gather them all and then say to the angels, "Did these [people] used to worship you?" — Sahih International

- ৪০. আর স্মরণ করুন, যেদিন তিনি তাদের সকলকে একত্র করবেন তারপর ফেরেশতাদেরকে জিজ্ঞেস করবেন, এরা কি তোমাদেরই ইবাদাত করত?(১)
  - (১) কিয়ামতে এ প্রশ্ন কেবল ফেরেশতাদেরকেই করা হবে না বরং দুনিয়ায় যাদের ইবাদাত ও পূজা করা হয় তাদেরকেও করা হবে। তাই অন্যত্র বলা হয়েছেঃ যেদিন আল্লাহ এদেরকে এবং যেসব সন্তার এরা ইবাদাত করতো তাদের সবাইকে একত্র করবেন তারপর জিজ্ঞেস করবেন, তোমরা কি আমার এ বান্দাদেরকে পথভ্রষ্ট করেছিলে, না এরা নিজেরাই সঠিক পথ থেকে বিচ্যুত হয়েছিল? [সুরা আল ফুরকান: ১৭]

তাফসীরে জাকারিয়া

- (৪০) যেদিন তিনি এদের সকলকে একত্রিত করবেন এবং ফিরিশতাদেরকে জিজ্ঞাসা করবেন, 'এরা কি তোমাদেরই পূজা করত?' [1]
  - [1] মুশরিকদেরকে লাঞ্ছিত করার জন্য আল্লাহ তাআলা ফিরিশতাদেরকে এ কথা জিজ্ঞাসা করবেন। যেমন ঈসা (আঃ) সম্পর্কেও উল্লেখ হয়েছে যে, আল্লাহ তাআলা তাঁকেও জিজ্ঞাসা করবেন, "হে মারয়্যাম-তন্য় ঈসা! তুমি কি



লোকদেরকে বলেছিলে যে, তোমরা আল্লাহ ব্যতীত আমাকে ও আমার জননীকে উপাস্যরূপে গ্রহণ কর?" ঈসা (আঃ) বলবেন, 'তুমিই মহিমান্বিত! যা বলার অধিকার আমার নেই, তা বলা আমার জন্য আদৌ শোভনীয় নয়।' (সূরা মাইদাহ ১১৬ আয়াত) অনুরূপ আল্লাহ তাআলা বাতিল উপাস্যগণকেও জিজ্ঞাসা করবেন, যেমন সূরা ফুরকানের ১৭নং আয়াতে বর্ণনা হয়েছে যে, "তোমরাই কি আমার বান্দাগণকে বিভ্রান্ত করেছিলে, না ওরা নিজেরাই পথভ্রম্ভ হয়েছিল?"

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3646

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন